# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০

তারিখ: ১৩ আগস্ট ২০২৩
২৯ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**<u>ডেঙ্গু প্রতিরোধে করণীয় প্রসঙ্গে।</u>**

সাম্প্রতিক সময়ে ঢাকাসহ সারাদেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হচ্ছেন এবং এদের মধ্যে কেউ কেউ মৃত্যুবরণ করছেন। যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা, মৌসুমী বৃষ্টিপাত, জমানো পানি, বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ইত্যাদি কারণে এডিস মশার প্রজনন ক্ষেত্র প্রসারিত হচ্ছে। ফলে এডিস মশার প্রজনন ক্ষেত্র ধ্বংস এবং ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির বিশেষ গুরুত্ব রয়েছে।

২. এক্ষণে, ডেঙ্গু রোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী ও গ্রাহকগণের সুরক্ষার্থে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো-

ক) ব্যাংকের প্রধান কার্যালয়, শাখা/উপশাখা/এজেন্ট আউটলেট/ট্রেনিং সেন্টার/এটিএম বুথ-সহ ব্যাংকের সকল কেন্দ্র ও এর আশেপাশে যেখানে এডিস মশার বিস্তার হতে পারে এমন স্থানসমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার উদ্যোগ গ্রহণ করতে হবে। এডিস মশার প্রজননক্ষেত্র অর্থাৎ পানি জমার পাত্র/স্থানসমূহ যেমন: পরিত্যক্ত ফুলের টব, অব্যবহৃত কৌটা, পরিত্যক্ত টায়ার, প্লাস্টিকের বোতল ইত্যাদি বিনষ্ট করতে হবে এবং অন্যান্য ক্ষেত্র যেমন: ভবনের ছাদ, গ্যারেজ, এসি, ফ্রিজ, পানির ট্যাংক, রান্নাঘর ইত্যাদি সার্বক্ষণিক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;

খ) অফিস ভবনের পাশাপাশি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্মিত আবাসিক স্থাপনাসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করাসহ এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

গ) ব্যাংকের কর্মক্ষেত্র ও সংলগ্ন অংশে নিয়মিত ভিত্তিতে মশা নিধনের ওষুধ, স্প্রে কিংবা কয়েল ব্যবহার করতে হবে; এবং

ঘ) গ্রাম/শহর/নগরের পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ যেমন: মিউনিসিপ্যালটি/পৌরসভা/সিটি কর্পোরেশন ইত্যাদি কর্তৃক গৃহীত উদ্যোগসমূহের ক্ষেত্রে ব্যাংক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

৩. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২